প্রথম আলো

তারিখ 15 OCT 2016
2 ... ৬

# ১৮০০টি মাদ্রাসার উন্নয়নকাজ চলছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, সিলেট ●

সারা দেশে ১ হাজার ৮০০টি মাদ্রাসার উন্নয়নে একটি বড় প্রকল্পের কাজ চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল শুক্রবার সকালে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার ভাদেশ্বর হাফিজিয়া দাখিল মাদ্রাসায় জঙ্গিবিরোধী এক সমাবেশে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী জানান, বর্তমান সরকার দেশের বিভিন্ন মাদ্রাসায় ১ হাজার ৩৩২টি নতুন ভবন করে দিয়েছে। ৩৫টি মাদ্রাসাকে মডেল মাদ্রাসা করা হয়েছে এবং ৩১টি মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে। আলেম-ওলামাদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে ইসলামিক ইউনিভার্সিটি চালু করা হয়েছে। এ ছাড়া ১ হাজার ৮০০টি মাদ্রাসার উন্নয়নে একটি বড় প্রকল্পের কাজ বাস্তবায়ন চলছে।

ভাদেশ্বর হাফিজিয়া দাখিল মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মো. আবদুস ছালিকের সভাপতিত্বে সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন অতিরিক্ত জেলা প্রশাসক শহিদুল ইসলাম চৌধুরী, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিক আহমদ প্রমুখ।